গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক- ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www. pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং- এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০২০ (অংশ-০১)/ ১০৯ তারিখ: ২৮.০৪.২০২৪ খ্রি.

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির ৬ষ্ঠ হতে ১২শ ও সমমান শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অনলাইন ব্যাংক হিসাব এবং 'নগদ' একাউন্ট ব্যতীত অন্যান্য মোবাইল ব্যাংকিং একাউন্টসমূহ 'নগদ'-এ রূপান্তর করার সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

**সূত্র:** ক) এইচএসপি/এমআইএস/আইসিটি/মাঠ পর্যায়/২০২৩/৬(১০৯০); তারিখ: ১৮.০৪.২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় উপবৃত্তিপ্রাপ্ত/উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের মধ্যে ৬ষ্ঠ হতে ১২শ শ্রেণির অনলাইন ব্যাংক (এজেন্ট ব্যাংকিংসহ) এবং 'নগদ' হিসাবধারী ব্যতীত অন্যান্য মোবাইল আর্থিক সেবা প্রদানকারী (বিকাশ, রকেট, উপায়, শিওরক্যাশ ও এম ক্যাশ) প্রতিষ্ঠানের সকল উপকারভোগীর মোবাইল ব্যাংকিং হিসাব নম্বর শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে HSP-MIS সফটওয়্যারে 'নগদ'-এ রূপান্তর করার সময়সীমা ২৯/০৪/২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো। এছাড়াও, উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগী শিক্ষার্থীদের হালনাগদ/আপডেটকৃত তথ্য অনুমোদনের সময়সীমা ০৫/০৫/২০২৪ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিলো।

২। সার্বিক অবস্থা বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য আপডেট করার সময়সীমা **আগামী ০৯/০৫/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।** উল্লেখ্য যে, HSP-MIS সফটওয়্যারে অন্তর্ভুক্ত 'নগদ' একাউন্টসমূহের তথ্যাদি যাচাই বাটনে ক্লিক করে পুনরায় সংরক্ষণ করতে হবে।

৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় থেকে প্রাপ্ত উপকারভোগী শিক্ষার্থীদের হালনাগদ/আপডেটকৃত তথ্য অনুমোদনের সময়সীমা **আগামী ১৪/০৫/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।**

**সংযুক্তি : নির্দেশনাবলী- ২ পাতা**

28/04/24

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৫৫০০২০৭৩

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**
সকল উপজেলা/থানা।

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০২। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর (অতিরিক্ত সচিব), পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৬। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদশে সচিবালয়, ঢাকা।

পাতা-০২

০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।

০৯। প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, SPFMS, অর্থ বিভাগ (তথ্য সংশোধন চলাকালীন সময়ে HSP-MIS পর্যবেক্ষণের অনুরোধসহ)।

১০। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।

১৩। জনাব ........................., ....সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।

১৪। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।

১৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

১৬। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৭। সহকারী প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি-এর ওয়েবসাইটে প্রকাশ ও HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য সংশোধন অপশন চালু করার অনুরোধসহ)।

# শিক্ষা প্রতিষ্ঠানের জন্য

**নির্দেশনা-১**

ক) www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। এরপর মেনুবারের **"ই-সেবা"** বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করুন।

খ) অত:পর শিক্ষা প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে এ লগইন করুন।

**গ) মোবাইল ব্যাংকিং হিসাব (বিকাশ, নগদ, রকেট, শিওর ক্যাশ, এমক্যাশ) নম্বরধারী শিক্ষার্থীদের একাউন্টসমূহ 'নগদ' একাউন্টে রূপান্তর/আপডেট করার জন্য নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করুন:**

**১ম ধাপ:** HSP-MIS-এর ড্যাশবোর্ডে **"উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী"** অপশন-এ ক্লিক করুন।

↓

**২য় ধাপ:** **"মোবাইল ব্যাংক তথ্য আপডেট"** অপশনে ক্লিক করে খুঁজুন বাটনে ক্লিক করুন (যেসকল সক্রিয় উপকারভোগী শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীর তথ্য সংশোধন করতে হবে।)

↓

**৩য় ধাপ:** **"সম্পাদনা"** বাটনে ক্লিক করুন।

↓

**৪র্থ ধাপ:** শিক্ষার্থীর ব্যক্তিগত তথ্য -পৃষ্ঠায় শিক্ষার্থীর জন্মসনদ নম্বর যাচাই বাটনে ক্লিক করুন। পিতা ও মাতার NID নম্বর এন্ট্রি করে অনলাইনে যাচাই করুন।

↓

**৫ম ধাপ:** অভিভাবক হিসাবে পিতা অথবা মাতা সিলেক্ট করুন। পিতা,মাতা ব্যতিত ভাই,বোন বা অন্যান্য অভিভাবক হিসাবে সিলেক্ট করলে তাঁর NID নম্বর Entry করে যাচাই করুন।

↓

**৬ষ্ঠ ধাপ:** পেমেন্ট তথ্যে- মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী অপশনে ক্লিক করার পর **"নগদ"** সিলেক্ট করে হিসাবধারীর নাম ও হিসাব নম্বর সঠিকভাবে এন্ট্রি করে যাচাই করুন।

↓

**৭ম ধাপ:** সর্বশেষ স্ক্রিনের উপরে ডানপাশে সংরক্ষণ বাটনে ক্লিক করুন।

**বিশেষ দ্রষ্টব্য:**

- **HSP-MIS সফটওয়্যারে পিতাকে অভিভাবক হিসাবে নির্বাচন করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট নম্বর খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম এন্ট্রি করতে হবে।**
- **একইভাবে অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচন করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম এন্ট্রি করতে হবে।**
- **পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/অন্যান্য) অভিভাবক হিসাবে নির্বাচন করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার (NID) করে রেজিস্ট্রেশন করা মোবাইল নম্বরে তাঁর জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে 'নগদ' একাউন্ট খুলতে হবে এবং অভিভাবক ও হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম এন্ট্রি করতে হবে।**
- **'নগদ' একাউন্ট খোলার ২৪ ঘন্টা অতিবাহিত হওয়ার পর HSP-MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের তথ্য আপডেট করার ক্ষেত্রে একাউন্ট নম্বর যাচাই করার অনুরোধ করা হলো।**

# উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের জন্য

## নির্দেশনা-২

১। www.pmeat.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করুন। এরপর মেনুবারের **"ই-সেবা"** বক্সে ক্লিক করে HSP-MIS (ষষ্ঠ-দ্বাদশ) অপশন সিলেক্ট করতে হবে।

২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে HSP-MIS সফটওয়্যারে এ লগইন করুন।

↓

**১ম ধাপ:** HSP-MIS -এর ড্যাশবোর্ডে **"উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী অপশন"**-এ ক্লিক করুন।

↓

**২য় ধাপ: "মোবাইল ব্যাংক তথ্য অনুমোদন"** অপশনে ক্লিক করে খুঁজুন বাটনে ক্লিক করুন।

↓

**৩য় ধাপ:** সঠিক ভাতাভোগীদের তথ্যের বামপাশে চেক বক্সে টিক দিয়ে "পিএমইটি অনুমোদন" বাটনে ক্লিক করুন।